# গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
Gazipur Palli Bidyut Samity-1

ISO 9001:2015 Certified

সিনিয়র জেনারেল ম্যানেজার এর কার্যালয়
সদর দপ্তর; চান্দনা, গাজীপুর।
টেলিফোন: ০২-৯২৬২৭৮৮, E-Mail:gazipbs@yahoo.com
Web Address: www.pbs1.gazipur.gov.bd


স্মারক নং-২৭.১২.৩৩০০.৫৬৯.০১.০৩৮.২৫.২৭৯৮

তারিখঃ ৪ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
১৮ মে, ২০২৫ খ্রিস্টাব্দ

## "পুনঃ নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা জানানো যাচ্ছে যে, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দনা, গাজীপুর এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে রক্ষিত নিম্নেবর্ণিত কনডেমকৃত মালামাল সমূহ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে পুনঃ নিলাম দরপত্র আহবান করা যাচ্ছেঃ

| দরপত্র প্যাকেজ নং | নিলামতব্য মালামালের বিবরণ | পরিমাণ | দরপত্র দলিলের মূল্য (টাকা) | দরপত্র জামানত (টাকা) | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণের সময়সূচী | দরপত্র খোলার সময়সূচী |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৫/ ২০২৪-২৫ | ফাইবার/প্লাস্টিক জাতীয় মালামাল | ২৮৭.১৩ কেজি | =১,০০০/- | দাখিলকৃত দরের ২৫% | ১৯/০৫/২০২৫ খ্রিঃ রোজঃ সোমবার হতে ২৯/০৫/২০২৫ খ্রিঃ রোজঃ বৃহস্পতিবার অফিস চলাকালীন | ০১/০৬/২০২৫ খ্রিঃ রোজঃ রবিবার বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত। | ০১/০৬/২০২৫ খ্রিঃ রোজঃ রবিবার বেলা ১১:০৫ ঘটিকা |
| ১৬/ ২০২৪-২৫ | বিনষ্ট/পোড়া আন্ডার গ্রাউন্ড ক্যাবল | ৩০৮৬.৪ কেজি | =১,০০০/- | | | | |
| ১৭/ ২০২৪-২৫ | মিটারঃ এক ফেজ, জে-১, জে-১৬ এক ফেজ, ডিজিটাল, জে-৩৯, থ্রিফেজ, ডিজিটাল, জে-২,৩,৪; ৩ ফেজ প্রিপেইড, জে-৪১ | ২০৮৩৩ টি | =১০০০/= | | | | |

**শর্তাবলীঃ**

০১। আগ্রহী নিলাম দরদাতাগণ অফিস চলাকালীন নিম্নেবর্ণিত ঠিকানা সমূহ হতে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করতে ও বর্ণিত ছকের কলাম-৬ এ বর্ণিত সময়সীমার মধ্যে নিলাম দলিল ক্রয় করতে পারবেন।

০২। আগ্রহী দরদাতাগণ প্রতিটি প্যাকেজের বিপরীতে নিলাম দলিল ক্রয়ের জন্য যে কোন তফসিলি ব্যাংক হতে বর্ণিত ছকের কলাম-৪ এ উল্লিখিত পরিমাণ টাকার (অফেরৎযোগ্য) পে-অর্ডার সংযুক্ত করতঃ 'সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১' বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন করার মাধ্যমে-
(ক) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দনা, গাজীপুর; অথবা
(খ) পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা-হতে নিলাম দলিল সংগ্রহ করতে পারবেন। উল্লেখ্য যে, ডাক/কুরিয়ার যোগে কোন নিলাম দলিল প্রেরণ করা হবে না।

০৩। অগ্রহী দরদাতাগণ আগামী ০১/০৬/২০২৫ খ্রিঃ রোজঃ রবিবার বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র-
(ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা এবং (খ) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১-এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়সীমার পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০৪। প্রাপ্ত নিলাম দরপত্র সমূহ আগামী ০১/০৬/২০২৫ খ্রিঃ রোজঃ রবিবার বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন)-
(ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা এবং (খ) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১-এ খোলা হবে।

০৫। দরদাতা কর্তৃক প্রদত্ত দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে **'কনডেমকৃত মালামালের নিলাম'** কথাটি লিখতে হবে।

০৬। আগ্রহী দরদাতাগণকে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে অথবা সাদা কাগজে দর প্রদান পূর্বক সীলমোহর ও স্বাক্ষর সংযুক্ত করতে হবে। সাদা কাগজে পূর্ণ ঠিকানা (মোবাইল নম্বার সহ) লিপিবদ্ধ করতঃ খামে সীলগালা ব্যবহার করতে হবে।

০৭। বর্ণিত ছকের কলাম-৫ এর আলোকে নিলাম দরদাতাগণকে উদ্ধৃত মোট মূল্যের উপর ২৫% (পঁচিশ শতাংশ) অর্থ দরপত্র জামানত (বিক্রয়াদেশ প্রাপ্ত না হলে ফেরৎযোগ্য) হিসেবে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকুলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার আকারে দরপত্রের সহিত জমা দিতে হবে। দরপত্রের সহিত উল্লিখিত হারে দরপত্র জামানত জমা না দিলে বা দরপত্র অসম্পূর্ণ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে আবশ্যিকভাবে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং সর্বশেষ সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত দরের উপর ভ্যাট ও উৎসে কর বাবদ প্রযোজ্য অর্থ পরিশোধ করে মালামাল গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সহিত দাখিলকৃত দরপত্র জামানত বাজেয়াপ্ত করা হবে এবং বিক্রয়াদেশ বাতিল করা হবে। অকৃতকার্য নিলাম দরদাতাদের দরপত্র জামানত নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

০৯। আগ্রহী দরদাতাগণ ইচ্ছা করলে নিলাম দরপত্র দাখিলের পূর্বে আগামী ২৯/০৫/২০২৫ খ্রিঃ পর্যন্ত যে কোন দিন অফিস চলাকালীন সময়ে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর স্টোর, ভুরুলিয়া, গাজীপুর-এ নিলামতব্য মালামাল পরিদর্শন করতে পারবেন।

১০। আগ্রহী নিলাম দরদাতাগণকে প্যাকেজ ভিত্তিক বর্ণিত মালামালের জন্য পৃথকভাবে দর দাখিল করতে হবে। সর্বোচ্চ দরদাতা নির্বাচনের ক্ষেত্রে প্রতিটি প্যাকেজের বিপরীতে সর্বোচ্চ দাখিলকৃত দর বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট সর্বোচ্চ ও বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট বর্ণিত মালামাল বিক্রয় করা হবে।

১১। নিলাম দরপত্রে কোন ধরণের কাটা-ছেঁড়া/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে।

১২। অত্র নিলাম দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাস্য থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়সীমার কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃপক্ষ বরাবরে লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১৩। অত্র পবিস কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এতদসংক্রান্ত যে কোন নিলাম দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিতভাবে নিলাম দরপত্র দলিলে বর্ণিত থাকবে।

১৪। উল্লিখিত শর্ত বহির্ভূত কোন জটিলতার সৃষ্টি হলে সেক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮.০৫.২৫

(মোঃ আবুল বাশার আজাদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**বিতরণঃ (কার্যার্থে)**

০১। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, গাজীপুর।
০২। ডিজিএম (ছায়াবীথি জোনাল অফিস), গাজীপুর পবিস-১।
০৩। সহকারী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, গাজীপুর।
০৪। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/ইএন্ডসি), গাজীপুর পবিস-১।
০৫। এজিএম (আইটি-১/২), গাজীপুর পবিস-১।(ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
০৬। স্টোর কিপার, গাজীপুর পবিস-১।
০৭। নোটিশ বোর্ড, গাজীপুর পবিস-১।
০৮। অফিস কপি/মাস্টার কপি।

**অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে ও জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ এর কার্যালয়, গাজীপুর।
০২। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
০৪। জেলা প্রশাসক, গাজীপুর।
০৫। পুলিশ সুপার, গাজীপুর।
০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো,ঢাকা।-(ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো/এলজিইডি/সড়ক ও জনপদ বিভাগ, গাজীপুর।

নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল।

(মোঃ আবুল বাশার আজাদ)
সিনিয়র জেনারেলম্যানেজার